

PRINT

সমকাল

প্রাথমিক শিক্ষকের প্রথম দিনের কর্মসূচি পালিত

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

বেতনবৈষম্য নিরসনের দাবিতে গতকাল সোমবার কর্মবিরতি শুরু করেছেন সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাড়ে তিন লাখের বেশি শিক্ষক। এদিকে কর্মবিরতি কর্মবিধির লঙ্ঘন- এমন দাবি করে কর্মসূচি পালনকারী শিক্ষকদের চিহ্নিত করে বিধি অনুযায়ী ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আন্দোলনকারী শিক্ষকরা জানিয়েছেন, প্রধান শিক্ষকদের জাতীয় বেতন স্কেলের দশম গ্রেডে ও সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতনের দাবিতে দেশের প্রায় ৬৬ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গতকাল সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দুই ঘণ্টার কর্মবিরতি পালিত হয়। দাবি আদায়ে আজ মঙ্গলবার তিন ঘণ্টার কর্মবিরতি পালন করবেন শিক্ষকরা। সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত ক্লাস ও পরীক্ষা বন্ধ থাকবে। ১৬ অক্টোবর এসব বিদ্যালয়ে অর্ধদিবস কর্মবিরতি পালন করবেন শিক্ষকরা। পরদিন ১৭ অক্টোবর পূর্ণ দিবস কর্মবিরতি পালিত হবে। এর পরও দাবি আদায় না হলে ২৩ অক্টোবর রাজধানীতে মহাসমাবেশ করে লাগাতার কর্মসূচি পালন করবেন আন্দোলনকারীরা।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

